# উবুন্টুভিত্তিক নতুন লিনআক্স নাটি নারহোয়েল

প্রকৌশলী মর্তুজা আশীষ আহমেদ

লিনআক্স নিয়ে যাদের নিত্যপদচারণা, তাদের একথা না জানার কোনো কারণ নেই যে, উবুন্টু লিনআক্সের বহুল প্রতীক্ষিত অপারেটিং সিস্টেম নাটি নারহোয়েল সম্প্রতি রিলিজ পেতে যাচ্ছে। এখন ওয়েবের বেটা ভার্সন পাওয়া যাচ্ছে। এর রিলিজ ভার্সন পেতে আর বেশি দেরি নেই। নতুন এই অপারেটিং সিস্টেম নিয়ে লিনআক্সপ্রেমীদের আগ্রহের কমতি নেই। তার কারণ হচ্ছে উবুন্টু লিনআক্সের এই ভার্সনে সাপোর্টিংয়ের ব্যবস্থার ওপরে জোর দেয়া হয়েছে। তাছাড়া অনেক সফটওয়্যার বা অ্যাপ্লি-কেশন আছে যেগুলো বেশ কার্যকর এবং এদের সরাসরি ইনস্টলেশনের ব্যবস্থা রাখা হয়েছে। নতুন এই লিনআক্সের ভার্সন হচ্ছে ১১.০৪। নেটবুকের জন্যও আছে আলাদা এডিশন।

শুরুতেই জেনে নেয়া যাক কী কী নতুন ফিচার যুক্ত করা হয়েছে লিনআক্সের এই ভার্সনে। এই ভার্সনে কিছু আপডেটেড প্যাকেজ দেয়া হয়েছে। এগুলোর মধ্যে মজিলা ফায়ারফক্সের সর্বশেষ ভার্সন যুক্ত করা হয়েছে। অফিস সফটওয়্যার স্যুট হিসেবে দেয়া হয়েছে লিবরে অফিস। ওপেনসোর্সভিত্তিক এই অফিস সফটওয়্যার প্যাকেজের সাহায্যে যেকোনো ধরনের অফিস ওয়ার্ক করা যায়। এর পাশাপাশি অন্যান্য অফিস স্যুট থেকে এটি বেশ হাল্কা। তাই কম শক্তিসম্পন্ন পিসিতেও এটি ভালোভাবেই চলে। x.org, শটওয়েল ও ইভ্যালুশনের আপডেটেড ভার্সন এখানে যুক্ত করা হয়েছে। এই ভার্সনের কার্নেল হিসেবে দেয়া হয়েছে ২.৬.৩৮। এই কার্নেলের উল্লে-খযোগ্য দিক হচ্ছে–এখানে কিছু হার্ডওয়্যারের জন্য বড় ধরনের আপডেট দেয়া হয়েছে। তার মধ্যে আসুসের ইপিসি চালানোর উপযোগী করে এই ভার্সন ছাড়া হবে। তাছাড়া বেশ কিছু হার্ডওয়্যারের সাথে আগের কার্নেলগুলো কনফ্লিক্ট করত। এই কার্নেলে সেই সমস্যা দূর করা হয়েছে। পাইথনের সব মডিউল এবং অংশ একসাথে এখানে পাওয়া যাবে। আলাদাভাবে কিছু ইনস্টল করার দরকার নেই।

এই লিনআক্সের প্রধান ফিচারগুলোর মধ্যে ওয়েব ব্রাউজার হিসেবে সরাসরি ব্যবহার করা যায় মজিলা ফায়ারফক্স এবং গুগল ক্রোম। এদের ফ্লাশ পে-য়ার সাপোর্টিং দেয়ার জন্য আছে সরাসরি অ্যাডোবি ফ্লাশ পে-য়ারের সাপোর্ট। তাছাড়া অন্যান্য ওয়েব ব্রাউজারের মধ্যে অপেরা ইনস্টল করে নেয়া যায়। যারা অপেরা ব্যবহার করতে চান তাদের জন্য অপেরা থেকে সাপোর্ট দেয়ার ব্যবস্থা আছে। ডকুমেন্টেশন এবং প্রেজেন্টেশনের জন্য আছে ওপেন সোর্সভিত্তিক সফটওয়্যার। আর আগের ভার্সনগুলোর মতো এখানেও কার্যকর সফটওয়্যার সেন্টার আছে। এখান থেকে স্বয়ংক্রিয় আপডেটের মাধ্যমে অনেক নাম না জানা সফটওয়্যার খুব সহজেই ইনস্টল করা যায়।

মেসেঞ্জারের মধ্যে আছে এমপ্যাথি সফটওয়্যার। এমপ্যাথি আগের পিজজিন সফটওয়্যারের চেয়ে অনেক কার্যকর একটি মেসেঞ্জার। এই মেসেঞ্জার ইয়াহু, এমএসএন, জি-মেইল ইত্যাদি সাপোর্ট করে। মেইল ক্লায়েন্ট হিসেবে আছে ইভ্যালুশন। তাছাড়া মজিলা থান্ডারবার্ডও সাপোর্ট করে এই ভার্সন। এর পাশাপাশি স্কাইপে তো আছেই।




মোবাইল ফোনে মিউজিকের সাপোর্ট দেয়ার জন্য স্ট্রিমিং মিডিয়ার ব্যবস্থা আছে। লিনআক্সের এই ভার্সনে আইফোন এবং অ্যান্ড্রয়েডের বেশ ভালো সাপোর্ট আছে। খুব সহজেই মিউজিক কনভার্শনের ব্যবস্থা আছে লিনআক্সের এই ভার্সনে। এই পুরো সাপোর্ট দেবে রিদমবক্স মিউজিক পে-য়ার এবং উবুন্টু ওয়ান মিউজিক স্টোর। ফটো এডিটিং এবং আপলোডিংয়ের জন্য আছে জিম্প এবং শটওয়েল। আর ভিডিও এডিটিং এবং চালানোর জন্য এখানে ব্যবস্থা আছে। ভিডিও এডিটিংয়ের জন্য আছে পিটিভি ভিডিও এডিটর।

আগের ভার্সনগুলো থেকে এই ভার্সনের অনেক বড় পার্থক্য হচ্ছে এখানে অপারেটিং সিস্টেম লোড হয় বেশ দ্রুত। সেই সাথে পুরনো মডেলের কমপিউটারেও বেশ ভালোভাবে চালানো যাবে লিনআক্সের এই ভার্সন।

এসব শুধু উবুন্টুসংশি-ষ্ট কথাবার্তা। একই ভার্সনের অন্য যেসব ডিস্ট্রিবিউশন আছে সেগুলোর মধ্যে একই ধরনের সফটওয়্যারের ব্যবস্থা আছে। ক্ষেত্রবিশেষে সাপোর্টিং সফটওয়্যারের কিছুটা ভিন্নতা থাকলেও ধরন একই। যার ফলে নতুনভাবে অপারেটিং শুরু করতে কোনো সমস্যা হবে না। যেমন কুবুন্টুতে গেমিংয়ের সাপোর্টিং একটু বেশি রাখা হয়েছে। কুবুন্টুতে মেসেঞ্জার হিসেবে রাখা হয়েছে কোয়পট মেসেঞ্জার। একইভাবে এটি ইয়াহু, এমএসএন, জি-মেইল ইত্যাদি সাপোর্ট করে। এর পাশাপাশি এটি ফেসবুকের চ্যাটও সাপোর্ট করে। অফিস স্যুট হিসেবে এখানে ওপেন অফিস ব্যবহার করা হয়েছে।

একই কথা এডুবান্টুর জন্যও প্রযোজ্য। যদিও এডুবান্টু হচ্ছে লিনআক্সের এই ভার্সনের এডুকেশন যা শিক্ষাক্ষেত্রে ব্যবহারের জন্য ব্যবহার করা হচ্ছে। এই ভার্সন বেশ হাল্কা সিস্টেমের জন্য তৈরি করা হয়েছে। খুব কম দামী ল্যাপটপের জন্য এই ভার্সন উন্মুক্ত করা হয়েছে।

জুবুন্টু লিনআক্সের এক্সফেস ডেস্কটপ দিয়ে তৈরি করা হয়েছে। এক্সফেসভিত্তিক সফটওয়্যার এই ভার্সনে ব্যবহার করা হয়েছে। সম্প্রতি এর বেটা ২ ভার্সন রিলিজ করা হয়েছে। একইভাবে মিথবান্টু হচ্ছে বিনোদনভিত্তিক অপারেটিং সিস্টেম। মিথ টিভিভিত্তিক বিনোদনের অ্যাড-অন হিসেবে এই মিথবান্টু তৈরি করা হয়েছে। অনেকটা উইন্ডোজের মিডিয়া সেন্টার এডিশনের মতো।

উবুন্টু স্টুডিও এডিশন হচ্ছে পুরোপুরি মাল্টিমিডিয়া সেন্টার। এখান থেকে মাল্টিমিডিয়া তৈরি করা খুব সহজ। গ্রাফিক্স এবং অডিও-ভিডিও নিয়ে যারা কাজ করে তাদের জন্য লিনআক্সভিত্তিক আদর্শ অপারেটিং সিস্টেম হচ্ছে উবুন্টু স্টুডিও। পাবলিকেশনের জন্যও লিনআক্সের এই ভার্সন খুব ভালো কাজ করে। পাবলিকেশন, টিভি বা রেডিও চ্যানেলের জন্য এটি খুব ভালো একটি অপারেটিং সিস্টেম।

একথা সবাই জানেন, ডেস্কটপের জন্য সারাবিশ্বে উইন্ডোজের যতটা জয়জয়কার, সার্ভারের জন্য ঠিক তার উল্টোটা। বিশ্বের বেশিরভাগ সার্ভার লিনআক্সভিত্তিক। ক্লায়েন্টরাও এখন ওয়েব সার্ভিসের জন্য লিনআক্স সার্ভারের সুবিধা চান। শক্তিশালী সিকিউরিটি সিস্টেমের জন্যই লিনআক্স সার্ভারের এই জনপ্রিয়তা গড়ে উঠেছে। লিনআক্সের নাটি নারহোয়েলের সার্ভার এডিশন হচ্ছে উবুন্টু সার্ভার। এর বেটা ভার্সন এখন ওয়েবসাইটে দেয়া হয়েছে। তবে সার্ভারের জন্য একবারে রিলিজ ভার্সন ইনস্টল করা অধিক যুক্তিযুক্ত। ইন্টেল, ডেল, লেনোভো, আইবিএম প্রভৃতি হার্ডওয়্যারে এই সার্ভার বেশ ভালোভাবেই কাজ করে থাকে।

ল্যাপটপের এখন যতটা চাহিদা, তারচেয়ে অনেক বেশি চাহিদা নেটবুকের। নেটবুকের জন্য অপারেটিং সিস্টেম নির্মাতারা আলাদা আলাদা অপারেটিং সিস্টেম বানাচ্ছেন। নেটবুকের অপারেটিং সিস্টেম অনেক হাল্কা। লিনআক্সের এই ভার্সনের জন্যও আলাদা নেটবুক এডিশন আছে। এই নেটবুক এডিশনের নাম হচ্ছে উবুন্টু নেটবুক ভার্সন।

ক্যানোনিক্যালের এই নাটি নারহোয়েলের সব ডিস্ট্রিবিউশন খুব তাড়াতাড়ি রিলিজ পেতে যাচ্ছে। তবে এর নির্মাতারা এটি নিয়ে আশাবাদী, কারণ এই সাপোর্ট দীর্ঘদিন ধরে তারা দিতে থাকবেন। এখন দেখার বিষয় সাধারণ ব্যবহারকারীদের মধ্যে এটি কেমন সাড়া ফেলে।

ফিডব্যাক : mortuzacsepm@yahoo.com